

CES Centre নেশনেজে ভিট্টোরিয়া বুশফায়ার তহবিলে ৫০০০ ডলারের উর্ধ্বে সংগ্রহ



কমুনিটি এডুকেশন এন্ড সার্ভিসেস সেন্টার (CES Centre) সিডনির ইস্টার্ন সাবআর্ব নিবাসি বাংলাদেশী কমুনিটি দ্বারা পরিচালিত একটি অরাজনৈতিক, অলাভজনক সমাজসেবামূলক সংস্থা। সংস্থাটি দীর্ঘদিন যাবৎ সিডনি প্রবাসি বাংলাদেশী নতুন প্রজন্মের মধ্যে বাংলা ভাষা ও সংস্কৃতি এবং ধর্মীয় শিক্ষার পাশাপাশি বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার নানাবিধি সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সম্প্রতি ভিট্টোরিয়ায় সংঘটিত বুশফায়ারে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে CES Centre

সিডনির কর্মকর্তা সমাজসেবীর সহযোগিতায় তহবিল সংগ্রহের উদ্দেশ্যে গত ১লা মার্চ ২০০৯ এক নেশনেজের আয়োজন করে। অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনার মান্যবর লে: জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন Cr George Glinatsis, Deputy Mayor, Botany Bay City Council। এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্যে The Hon. Peter Garrett AM MP, Federal Minister for the Environment, Heritage and the Arts; The Hon. Kristina Keneally MP, NSW Minister for Planning; The Hon. Michael Daley MP, NSW Minister for Roads এবং Mr David Bitel, Immediate Past President of the Refugee Council of Australia তাঁদের বিশেষ ব্যক্ততার কারণে অনুষ্ঠানে উপস্থিত হতে না পারায় দুঃখ প্রকাশ করে অনুষ্ঠানের উদ্দেশ্যে লিখিত বক্তব্য প্রেরণ করেন। নেশনেজে সিডনির বিভিন্ন অংগগুল থেকে প্রায় ৮০টি পরিবার অংশগ্রহণ করে তহবিলে অর্থ দান করে।

অনুষ্ঠানের শুরুতে CES Centre এর সভাপতি ড: আব্দুল লতিফ সরকার উপস্থিত সুধীবন্দের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন। CES Centre এর উপদেষ্টা প্রফেসর শেখ শহীদুর রহমান Victoria bushfire এর প্রেক্ষাপট তুলে ধরে তহবিল সংগ্রহে অতিথিবন্দের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি উপস্থিত অংশগ্রহনকারী এবং আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন। CES Centre এর অন্য উপদেষ্টা ড: সৈয়দ জামাল উদ্দিন অনুষ্ঠানে আগত অতিথিবন্দের ধন্যবাদ জাপন করেন সাথে সাথে তহবিল সংগ্রহের যাবতীয় কর্মকাণ্ডে বিশেষভাবে সহযোগিতা করার জন্য সর্বজনীন আব্দুল হক, শাহজাহান পাটোয়ারী, কর্তৃপক্ষ আহমেদ সওদাগর, মজিবর রহমান, মোহাম্মদ আলী, কামরুল চৌধুরী, প্রকৌশলী নাজমুল হোসেন প্রমুখ ব্যক্তিবর্গের প্রশংসন করেন। সবশেষে Victoria bushfire victim দের উদ্দেশ্য দাড়িয়ে এক মিনিট নীড়বতা পালন করা হয়। এছাড়াও সাম্প্রতিক সময়ে বাংলাদেশে বিডিআর সদরদপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডে নিহতদের উদ্দেশ্যে দোয়া পরিচালনা করেন কমুউনিটির প্রবীন সদস্য ব্যারিস্টার সালাউদ্দিন আহমেদ। অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন সৈয়দ আতিফ। অনুষ্ঠানে ৫০০০ (পাঁচ হাজার) ডলারের উর্ধ্বে সংগ্রহীত হয়েছে। সংগ্রহীত সমূদ্য অর্থ Australian Red Cross এর মাধ্যমে শীঘ্ৰই প্রদান করা হবে।



আমন্ত্রিত অতিথিবন্দের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখছেন ড: আব্দুল লতিফ সরকার অনুষ্ঠানে আগত অতিথিবন্দের ধন্যবাদ জাপন করেন সাথে সাথে তহবিল সংগ্রহের যাবতীয় কর্মকাণ্ডে বিশেষভাবে সহযোগিতা করার জন্য সর্বজনীন আব্দুল হক, শাহজাহান পাটোয়ারী, কর্তৃপক্ষ আহমেদ সওদাগর, মজিবর রহমান, মোহাম্মদ আলী, কামরুল চৌধুরী, প্রকৌশলী নাজমুল হোসেন প্রমুখ ব্যক্তিবর্গের প্রশংসন করেন। সবশেষে Victoria bushfire victim দের উদ্দেশ্য দাড়িয়ে এক মিনিট নীড়বতা পালন করা হয়। এছাড়াও সাম্প্রতিক সময়ে বাংলাদেশে বিডিআর সদরদপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডে নিহতদের উদ্দেশ্যে দোয়া পরিচালনা করেন কমুউনিটির প্রবীন সদস্য ব্যারিস্টার সালাউদ্দিন আহমেদ। অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন সৈয়দ আতিফ। অনুষ্ঠানে ৫০০০ (পাঁচ হাজার) ডলারের উর্ধ্বে সংগ্রহীত হয়েছে। সংগ্রহীত সমূদ্য অর্থ Australian Red Cross এর মাধ্যমে শীঘ্ৰই প্রদান করা হবে।



অনুষ্ঠানে প্রধান অতিথি মান্যবর লে: জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী বক্তব্য রাখছেন



অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দের একাংশ



অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দের একাংশ



ଆগত অতিথিবৃন্দ তহবিলে অর্থদান করছেন